**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ১০৭/২০১৭-১৮**

**ঢাকা, বৃহস্পতিবার ৩০ নভেম্বর ২০১৭, ১৬ অগ্রহায়ন ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। পোপ ফ্রান্সিস ঢাকা আসছেন আজ

২। নিউক্লিয়ার ক্লাবের ৩২তম সদস্য হচ্ছে বাংলাদেশ
প্রধানমন্ত্রীর উদ্বোধনের মধ্য দিয়ে রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের যাত্রা শুরু

৩। মিয়ানমারকে চাপে রাখার আহ্বান প্রধানমন্ত্রীর : জাতিসংঘের আন্ডার সেক্রেটারির সাক্ষাৎ

৪। বাংলাদেশ উৎপাদনমুখী শিল্পায়নের প্রাণকেন্দ্র : এশিয়া ব্যবসায়ী সম্মেলনে শিল্পমন্ত্রী

৫। আইসিটি আইনের ৫৭ ধারা বিলুপ্ত হচ্ছে : আন্তঃমন্ত্রণালয় সভাশেষে তথ্যমন্ত্রী

৬। ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণে চীনা ঠিকাদারদের সঙ্গে চুক্তি স্বাক্ষর

৭। বাংলাদেশে ২৩০ কোটি ডলার বিনিয়োগে চীনের চুক্তি

৮। আয়কর দিবস আজ, রিটার্ন দাখিলের সময় শেষ হচ্ছে রাত ১০টায়
রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী

৯। ফোর জি সেবা জানুয়ারি থেকে : ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী

১০। সার্ক উৎসব শুরু হচ্ছে শিল্পকলা একাডেমিতে

চলমান পাতা-২

১। **পোপ ফ্রান্সিস ঢাকা আসছেন আজ**

ক্যাথলিক খ্রিস্টানদের প্রধান ধর্মগুরু ও ভ্যাটিকানের রাষ্ট্রপ্রধান পোপ ফ্রান্সিস তিনদিনের সফরে আজ (৩০ নভেম্বর বৃহস্পতিবার) বাংলাদেশে আসছেন। ৩০ বছরের ব্যবধানে কোনো পোপের বাংলাদেশ সফর উপলক্ষে রাষ্ট্রীয় মর্যাদা ও ধর্মীয় ভাবগাম্ভীর্যসহ বর্ণাঢ্য অভ্যর্থনার প্রস্তুতি নিয়েছে বাংলাদেশ সরকার ও ক্যাথলিক সম্প্রদায়। তাঁর আগমন উপলক্ষে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ এক বাণীতে গতকাল (২৯ নভেম্বর বুধবার) বলেছেন, পোপ ফ্রান্সিসের বাংলাদেশ সফরের ফলে কেবল খ্রিস্টান সম্প্রদায় নয় বরং সব ধর্মের মানুষের মধ্যে সাম্য, ঐক্য, সম্প্রীতি ও শান্তির সুবাতাস প্রবাহিত হবে। সর্বশেষ ১৯৮৬ সালে বাংলাদেশ সফর করেন পোপ দ্বিতীয় জন পল। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.১), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৮), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

২। **নিউক্লিয়ার ক্লাবের ৩২তম সদস্য হচ্ছে বাংলাদেশ**
**প্রধানমন্ত্রীর উদ্বোধনের মধ্য দিয়ে রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের যাত্রা শুরু**

রাশিয়ার সহযোগিতায় পাবনা জেলার ঈশ্বরদী উপজেলার রূপপুরে পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণ করা হচ্ছে। আজ (৩০ নভেম্বর বৃহস্পতিবার) বেলা ১১টায় বিদ্যুৎকেন্দ্রটির পারমাণবিক চুল্লি (রিঅ্যাক্টর) বসানোর কাজের (ফার্স্ট কংক্রিট পোরিং ডেট বা এফসিডি) উদ্বোধনের মধ্য দিয়ে বাংলাদেশ আনুষ্ঠানিকভাবে 'বিশ্ব পরমাণু ক্লাব' (নিউক্লিয়ার ক্লাব)-এ যুক্ত হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা পারমাণবিক বিদ্যুৎ প্রকল্পের এ কংক্রিট ঢালাইকাজের উদ্বোধন করবেন। বর্তমানে বিশ্বের ৩১টি দেশে ৪৫০টি পারমাণবিক বিদ্যুৎ ইউনিট চালু আছে। বাংলাদেশ হবে নিউক্লিয়ার ক্লাবের ৩২তম দেশ। প্রকল্প বাস্তবায়িত হলে দুই হাজার ৪শ' মেগাওয়াটের এ বিদ্যুৎকেন্দ্রটি থেকে দীর্ঘদিন নিরবচ্ছিন্ন, মানসম্মত ও পরিবেশবান্ধব (ক্লিন এনার্জি) বিদ্যুৎ পাওয়া যাবে। সূত্র-**সংবাদ** ,**বাংলাদেশ টুডে** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে। **এশিয়ান এজ** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৭)।

৩। **মিয়ানমারকে চাপে রাখার আহ্বান প্রধানমন্ত্রীর : জাতিসংঘের আন্ডার সেক্রেটারির সাক্ষাৎ**

রোহিঙ্গাদের বাংলাদেশ থেকে তাদের দেশে ফিরিয়ে নিতে মিয়ানমারের প্রতি আন্তর্জাতিক চাপ অব্যাহত রাখার জন্য জাতিসংঘসহ সব আন্তর্জাতিক সংস্থার প্রতি আহ্বান পুনর্ব্যক্ত করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল (২৯ নভেম্বর বুধবার) জাতিসংঘের আন্ডার সেক্রেটারি ফেকিতামোলয়া কাতোয়া ইউটোয়িকামানু প্রধানমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করতে তাঁর কার্যালয়ে গেলে তিনি এ আহ্বান জানান। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, তাদের বিতাড়িত জনগণকে বাংলাদেশ থেকে ফেরত নেওয়ার জন্য মিয়ানমারের প্রতি আন্তর্জাতিক সম্প্রদায়ের চাপ অব্যাহত রাখতে হবে। প্রধানমন্ত্রী জাতিসংঘের এ কর্মকর্তার কাছে নারীর ক্ষমতায়ন, কৃষিউন্নয়ন, দারিদ্র্যবিমোচন এবং পল্লিউন্নয়নসহ তাঁর সরকারের বিভিন্ন সাফল্য তুলে ধরেন। বাংলাদেশের বিভিন্ন খাতের উন্নয়নের প্রশংসা করে জাতিসংঘের আন্ডার সেক্রেটারি বলেন, স্বল্প আয়ের দেশ থেকে বাংলাদেশ মধ্যম আয়ের দেশে পরিণত হওয়ার পথে এগুলোও বাংলাদেশের প্রতি জাতিসংঘের সহযোগিতা অব্যাহত থাকবে। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৪), **প্রথম আলো** (পৃ.২,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.৫), **ডেইলি স্টার** (পৃ.১,ক.১)। **এশিয়ান এজ** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্টের এক সভা গতকাল (২৯ নভেম্বর বুধবার) রাজধানীর ধানমণ্ডি ৩২ নম্বরের বঙ্গবন্ধু ভবনে অনুষ্ঠিত হয়েছে। ট্রাস্টের চেয়ারপারসন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা সভায় সভাপতিত্ব করেন। সভায় ট্রাস্টের বিভিন্ন সমাজকল্যাণমূলক কাজের পর্যালোচনা করা হয় ও এগুলো আরও দ্রুত সম্পাদনের তাগিদ দেওয়া হয়। সূত্র-**প্রথম আলো** (পৃ.২,ক.৪)।

৪। **বাংলাদেশ উৎপাদনমুখী শিল্পায়নের প্রাণকেন্দ্র : এশিয়া ব্যবসায়ী সম্মেলনে শিল্পমন্ত্রী**

এশিয়ার অর্থনীতির চালিকাশক্তি চীন, ভারত ও আসিয়ান অঞ্চলের দেশগুলোর কেন্দ্রবিন্দুতে অবস্থিত বাংলাদেশ বর্তমানে উৎপাদনমুখী শিল্পায়নের প্রাণকেন্দ্রে পরিণত হয়েছে বলে মন্তব্য করেছেন শিল্পমন্ত্রী আমির হোসেন আমু। তিনি বলেন, দেশের বিভিন্ন এলাকায় ১০০টি অর্থনৈতিক অঞ্চল স্থাপনের উদ্যোগ বাংলাদেশকে টেকসই ও জ্ঞানভিত্তিক শিল্পায়নের পথে দ্রুত এগিয়ে নিয়ে যাচ্ছে। ভারতের টাইমস্ গ্রুপ আয়োজিত ইকোনমিক টাইমস্ এশিয়া ব্যবসায়ী সম্মেলনে সম্মানিত অতিথির বক্তৃতায় তিনি এ মন্তব্য করেন। মালয়েশিয়ার রাজধানী কুয়ালালামপুরে গতকাল (২৯ নভেম্বর বুধবার) এ সম্মেলন অনুষ্ঠিত হয়। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.৩), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৬)।

**৫। আইসিটি আইনের ৫৭ ধারা বিলুপ্ত হচ্ছে : আন্তঃমন্ত্রণালয় সভাশেষে তথ্যমন্ত্রী**

ডিজিটাল নিরাপত্তা আইনের খসড়া চূড়ান্ত হয়েছে। এটি মন্ত্রিপরিষদের অনুমোদন পেলে তথ্যপ্রযুক্তি (আইসিটি) আইনের ৫৭ ধারাসহ কয়েকটি ধারা বিলুপ্ত হয়ে যাবে। 'ডিজিটাল সিকিউরিটি আইন-২০১৭'-এর খসড়া চূড়ান্ত করতে গতকাল (২৯ নভেম্বর বুধবার) সচিবালয়ে এক আন্তঃমন্ত্রণালয় সভার পর তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু সাংবাদিকদের এ তথ্য জানান। সূত্র-**বণিক বার্তা** (পৃ.১,ক.৩), **ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৪)। **ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৬। ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণে চীনা ঠিকাদারদের সঙ্গে চুক্তি স্বাক্ষর**

রাজধানীর সঙ্গে উত্তরাঞ্চলের যোগাযোগ বৃদ্ধির জন্য চীনের অর্থায়নে ঢাকা-আশুলিয়া পর্যন্ত ২৪ কিলোমিটার দীর্ঘ এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ করা হচ্ছে। প্রকল্পটি নির্মাণে ব্যয় হবে ১৬ হাজার ৯০১ কোটি ৩২ লাখ টাকা। এর মধ্যে জিটুজি ভিত্তিতে চীনের এক্সিম ব্যাংক ঋণ সহায়তা দিচ্ছে ১০ হাজার ৯৪৯ কোটি ৯০ লাখ টাকা। এছাড়া বাকি ৫ হাজার ৯৫১ কোটি ৪২ লাখ টাকা সরকারি তহবিল থেকে ব্যয় করা হবে। প্রকল্পটি নির্মাণে গতকাল (২৯ নভেম্বর বুধবার) চীনের বেইজিং ঠিকাদারি প্রতিষ্ঠান চায়না ন্যাশনাল মেশিনারি ইম্পোর্ট অ্যান্ড এক্সপোর্ট করপোরেশনের সঙ্গে চুক্তি স্বাক্ষর করেছে সেতু বিভাগ। চুক্তিতে সেতু বিভাগের সিনিয়র সচিব ও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক খন্দকার আনোয়ারুল ইসলাম এবং চায়না ন্যাশনাল মেশিনারি ইম্পোর্ট অ্যান্ড এক্সপোর্ট করপোরেশনের বোর্ড চেয়ারম্যান রুয়ান গুয়ান স্বাক্ষর করেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৬), **নিউ এজ** (পৃ.১১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৮,ক.৬)।

**৭। বাংলাদেশে ২৩০ কোটি ডলার বিনিয়োগে চীনের চুক্তি**

অর্থনৈতিক অঞ্চলে ২৩০ কোটি ডলার বিনিয়োগ করতে বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের (বেজা) সঙ্গে সমঝোতা চুক্তি করেছে চীনের একটি ইস্পাত প্রতিষ্ঠান। গতকাল (২৯ নভেম্বর বুধবার) ঢাকায় চীনের কুনমিং আয়রন অ্যান্ড স্টিল হোল্ডিং কোম্পানির অঙ্গ প্রতিষ্ঠান ইউনান ইয়ংগল ওভারসিজ ইনভেস্টমেন্ট কোম্পানি লিমিটেডের সঙ্গে বেজা'র এ চুক্তি স্বাক্ষরিত হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি স্টার** বিজনেস পাতা (পৃ.১,ক.৬), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.১)।

**৮। আয়কর দিবস আজ, রিটার্ন দাখিলের সময় শেষ হচ্ছে রাত ১০টায়**

**রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী**

আজ (৩০ নভেম্বর বৃহস্পতিবার) সারাদেশে 'আয়কর দিবস-২০১৭' পালিত হবে। এদিন ব্যক্তিশ্রেণির আয়কর বিবরণী বা রিটার্ন জমা দেওয়ারও সময় শেষ হচ্ছে। এদিন রাত ১০টার মধ্যে যারা রিটার্ন জমা দিতে ব্যর্থ হবেন, তাদের নির্ধারিত করের ওপর মাসিক দুই শতাংশ হারে বিলম্ব সুদ গুনতে হবে। এজন্য রাত আটটা পর্যন্ত ব্যাংক খোলা রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এছাড়া আজ আয়কর দিবস উপলক্ষে সকালে রাজস্ব বোর্ডের সেগুনবাগিচা প্রাঙ্গণ থেকে বর্ণাঢ্য র‍্যালি বের করা হবে। অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত প্রধান অতিথি হিসেবে র‍্যালি উদ্বোধন করবেন। এদিকে দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাণী দিয়েছেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.২), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.৬), **ডেইলি স্টার** বিজনেস পাতা (পৃ.১,ক.১)।

**৯। ফোর জি সেবা জানুয়ারি থেকে : ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী**

আগামী জানুয়ারি মাস থেকে দেশে চালু হচ্ছে বহুল প্রতীক্ষিত চতুর্থ প্রজন্মের (ফোরজি) টেলিযোগাযোগ সেবা। ইতোমধ্যেই মোবাইল ফোন অপারেটরদের আপত্তিগুলো নিষ্পত্তি করে ফোরজি লাইসেন্সিং গাইডলাইন এবং তরঙ্গ নিলাম গাইডলাইনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা অনুমোদন দিয়েছেন বলে জানিয়েছেন ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী তারানা হালিম। এ অনুমোদনের পর আগামী বছরের জানুয়ারি মাস থেকে দেশে ফোরজি সেবা চালুর পথে আর কোনও বাধা থাকছে না বলে জানিয়েছেন তিনি। গতকাল (২৯ নভেম্বর বুধবার) ফোরজি চালু বিষয়ে সচিবালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান প্রতিমন্ত্রী। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.২), **সমকাল** (পৃ.২,ক.৫), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৬)।

**১০। সার্ক উৎসব শুরু হচ্ছে শিল্পকলা একাডেমিতে**

বাংলাদেশ, ভুটান, মালদ্বীপ, শ্রীলঙ্কার চারু ও নৃত্যশিল্পীদের অংশগ্রহণে আজ (৩০ নভেম্বর বৃহস্পতিবার) থেকে রাজধানীর শিল্পকলা একাডেমিতে শুরু হচ্ছে চারদিনব্যাপী সার্ক উৎসব। সন্ধ্যায় শিল্পকলা একাডেমির নন্দনমঞ্চে সার্ক উৎসবের উদ্বোধন করবেন সংস্কৃতি সচিব ইব্রাহিম হোসেন খান। এতে বিশেষ অতিথি থাকবেন সার্ক কালচারাল সেন্টারের পরিচালক ওয়াসান্তে কতোয়ালা। শিল্পকলা একাডেমির এ আয়োজনে সহযোগিতা করছে সংস্কৃতিবিষয়ক মন্ত্রণালয় ও সার্ক কালচারাল সেন্টার। উৎসবে থাকছে হস্তশিল্প প্রদর্শনী, লাঠিখেলা, ঐতিহ্যবাহী নৃত্য পরিবেশনা। গতকাল (২৯ নভেম্বর বুধবার) এক সংবাদ সম্মেলনে শিল্পকলা একাডেমির মহাপরিচালক লিয়াকত আলী লাকী এ আয়োজনের বিস্তারিত তুলে ধরেন। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৬), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.৬)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক, জনকণ্ঠ, সমকাল, ভোরের কাগজ :** পোপ ফ্রান্সিসের বাংলাদেশ সফরকে স্বাগত জানিয়ে সফরের সাফল্য কামনা।

খ. **সংবাদ** : মুক্তিযোদ্ধা কোটায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তিতে ভোগান্তি দূর করতে কর্তৃপক্ষকে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের নিয়ম অনুসরণ করার সুপারিশ।

গ. **যুগান্তর :** রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র বাংলাদেশকে বিশ্বের বুকে মর্যাদার আসনে বসানোর পাশাপাশি শিল্প-কারখানাসহ সর্বক্ষেত্রে বিদ্যুৎ সংকট মোকাবিলায় ভূমিকা রাখবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঘ. **প্রথম আলো** : রাজধানীর সিদ্ধেশ্বরী বালক উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে রাজনৈতিক কার্যালয় ও ওয়াসার পানির পাম্প স্থাপনা সরিয়ে মাঠটি সম্পূর্ণ দখলমুক্ত করার আহ্বান।

ঙ. **ইনকিলাব** : নামে-বেনামে ঋণ নেওয়ার মাধ্যমে ব্যাংকের অর্থ লুটপাটের সাথে জড়িতদের বিরুদ্ধে আইনানুগ কঠোর ব্যবস্থা গ্রহণের সুপারিশ।

ছ. **ইন্ডিপেনডেন্ট** : ঢাকার সার্বিক ড্রেইনেজ ব্যবস্থার উন্নয়নে দুই সিটি করপোরেশন ও ওয়াসাকে পরিকল্পিতভাবে পদক্ষেপ নেওয়ার আহ্বান।

জ. **ডেইলি সান :** মাদ্রাসা শিক্ষাবোর্ডের কিছু পাঠ্যবইয়ে ধর্মীয় বিষয়ে উস্কানিমূলক প্রসঙ্গ থাকায় অতিদ্রুত এ বিষয়ে তদন্ত সাপেক্ষে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঞ. **নিউজ টুডে** : শিশু-কিশোরদের ইন্টারনেট ব্যবহার নিরাপদ ও ঝুঁকিহীন রাখতে সরকারি সংস্থাকে ক্ষতিকর ডিজিটাল ডিভাইস বন্ধ করতে সর্বোচ্চ প্রচেষ্টা চালানোর আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ।

## উপ-সম্পাদকীয়

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে রাজনীতিবিদরা সৎ হলে দেশের প্রাতিষ্ঠানিক দুর্নীতি অর্ধেক কমবে বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'জীবনযাত্রার ব্যয় কমাতে হবে'** শিরোনামের নিবন্ধে দেশের জনগণের মৌলিক চাহিদা যথার্থ পূরণের ওপর সরকারের সাফল্য নির্ভর করে বিধায় সরকারকে এ বিষয়ে অবশ্যই বিশেষ গুরুত্ব

প্রদান করতে হবে বলে অভিমত প্রকাশ করা হয়েছে।

#

খাদীজা/ফাহিমা/মরজিনা/রশীদ/ তানিয়া/২০১৭/৯.০০